

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো-২য় পর্যায়
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২. ৮০১১

তারিখ- ১৬ আগষ্ট ২০২২


বিষয়: উদ্যোক্তা ঋণ অনুমোদন।

সূত্র: উপপরিচালক, বিআরডিবি, বরগুনা এর স্মারক নং- ৪৭.৬২.০৪০০.৩০০.১৬.২০৪.১১.৪৯০, তারিখ- ১৪/৮/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র প্রকল্পের আওতায় বরগুনা জেলার বামনা উপজেলাধীন পূর্ব লক্ষিপুড়া পল্লী উন্নয়ন মহিলা সমিতির সদস্য জনাব নাগিস (১০০-৪১৯-৪৬-৪৮), পিতা/স্বামী: জনাব মোঃ শাহাজান “গবাদী পশু পালন” আইজিএ ডিভিক উদ্যোক্তা ঋণের একটি প্রকল্প প্রস্তাব দাখিল করেছেন। সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বামনা, বরগুনা সরেজমিনে পরিদর্শনপূর্বক ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকার উদ্যোক্তা ঋণ অনুমোদনের সুপারিশ এবং উপপরিচালক, বিআরডিবি, বরগুনা কর্তৃক প্রস্তাবটি অনুমোদনের সুপারিশের প্রেক্ষিতে বর্ণিত প্রকল্প প্রস্তাবের সার্বিক বিষয় বিবেচনা করে নিম্নোক্ত শর্তে ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকার উদ্যোক্তা ঋণ অনুমোদন করা হল।

শর্তসমূহ :

১. প্রস্তাবিত প্রকল্প ব্যয়ের অবশিষ্ট অংশ উদ্যোক্তা নিজস্ব তহবিল হতে অর্থায়ন করবেন;
২. প্রকল্পের স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.০৮৪.২১.২০৯, তারিখ: ২৩.০২.২০২২ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত বাস্তবায়ন নির্দেশিকার ৫.১৯ নং অনুচ্ছেদে উল্লেখিত শর্তসমূহ প্রতিপালনসহ করে ৩০০ টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পন্ন করতে হবে;
৩. উপপরিচালক, বিআরডিবি, বরগুনা বর্ণিত ঋণ আদায় কার্যক্রম নিয়মিত পর্যবেক্ষণ করবেন;
৪. মাসিক কিস্তিতে ঋণ আদায় নিশ্চিত করতে হবে;
৫. মঞ্জুরীকৃত ঋণ উদ্যোক্তার ব্যাংক হিসাবে কেবলমাত্র একাউন্ট পেয়ী চেক অথবা কম্পিউটার প্রিন্ট অ্যাডভাইসের মাধ্যমে ঋণের অর্থ স্থানান্তর করতে হবে। কোন অবস্থাতেই ঋণ গ্রহীতাকে নগদ বা বাহক চেক মারফত ঋণ প্রদান করা যাবে না;
৬. জনপ্রতিনিধি/স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ/জেলা প্রশাসক/উপপরিচালক/উপজেলা নির্বাহী অফিসারের উপস্থিতিতে ঋণ বিতরণপূর্বক ছবি সংরক্ষণ ও প্রেরণ করতে হবে;
৭. মঞ্জুরীকৃত ঋণ প্রস্তাবিত আইজিএ/প্রকল্প ব্যতীত অন্য কোন খাতে ব্যবহার করা যাবে না;
৮. প্রদত্ত ঋণ প্রস্তাবিত প্রকল্পে বিনিয়োগের পর পরবর্তীতে পরিদর্শনপূর্বক প্রকল্পের ছবি প্রেরণ করতে হবে;
৯. উদ্যোক্তা ঋণ বিতরণ নীতিমালার ব্যত্যয় হলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।


১৬/০৮/২২

মোঃ সাদেকুর রহমান
উপপ্রকল্প পরিচালক (প্রশাসন ও পরিকল্পনা)
ফোন: ০২-৮১৮৯০২৯


উপপরিচালক
বিআরডিবি, বরগুনা।

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০২.১৭৯.২২. ৮০১১

তারিখ- ১৬ আগষ্ট ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপ প্রকল্প পরিচালক/সহকারী পরিচালক ও মনিটরিং কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বামনা, বরগুনা
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, বামনা, বরগুনা।
৭. অফিস নথি/গার্ড ফাইল।


১৬/০৮/২২

মোহাম্মদ আশরাফ হোসেন
সহকারী পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মার্কেটিং)